২০ লাখ টাকার স্বর্ণালংকারসহ নারী আটক

ঝিনাইদহ সদর উপজেলার কালা লক্ষীপুর এলাকা থেকে ২৫ ভরি স্বর্ণালংকারসহ মুক্তা খাতুন (৩৪) নামের এক নারীকে আটক করেছে ডিবি পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের কালা লক্ষীপুর এলাকার মাওলানাবাদ মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে তাকে আটক করা হয়। আটককৃত মুক্তা খাতুন কুমিল্লার চৌদ্দগ্রামের মিজানুর রহমানের স্ত্রী।

ঝিনাইদহ ডিবি পুলিশের ওসি মোহাম্মদ শাহীন উদ্দিন জানান, কালীগঞ্জ থেকে ঢাকায় স্বর্ণ পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে লক্ষীপুর বিদ্যালয়ের সামনে চেকপোস্ট বসায় ডিবি পুলিশের একটি অভিযানিক দল।

সেসময় দর্শনা থেকে বরিশালগামী চাকলাদার পরিবহণে তল্লাসী চালিয়ে মুক্তা খাতুনকে আটক করা হয়। তার ভ্যানিটি ব্যাগ থেকে উদ্ধার করা হয় ২৫ ভরি ১৫ আনা ওজনের স্বর্ণালংকার। যার আনুমানিক মুল্য ২০ লাখ টাকা। মুক্তা খাতুন কালীগঞ্জ থেকে এসব স্বর্ণালংকার ঢাকায় পাচার করছিলো বলে প্রাথমিক ভাবে স্বীকার করেছে।

এ ঘটনায় ডিবি পুলিশের পক্ষ থেকে সদর থানায় একটি মামলা করা হয়েছে।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালে অভিযান, ৩ নারীর কারাদণ্ড

কুষ্টিয়া জেনারেল হাসপাতালে অভিযান চালিয়েছে ভ্রাম্যমাণ আদালত। এ সময় হাসপাতালে সেবা নিতে আসা রোগী ও স্বজনদের সঙ্গে প্রতারণার মাধ্যমে অর্থ হাতিয়ে নেওয়ার অভিযোগে তিন নারীকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেওয়া হয়েছে।

রোববার দুপুরে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট শিফাতুর নাহার ও ঈশিতা আকতার অভিযান চালিয়ে এ আদেশ দেন।

দণ্ডপ্রাপ্তরা হলেন- শহরের হাউজিং বি ব্লক এলাকার মজিবর রহমানের মেয়ে শাপলা খাতুন (২৭), ইসলামী বিশ্ববিদ্যালয় এলাকার শেখ পাড়ার শহিদুল ইসলামের স্ত্রী ময়না খাতুন (৪০) ও সদর উপজেলার চৌড়হাস এলাকার মৃত হারুন মণ্ডলের মেয়ে যুথি খাতুন (৩০)।

আদালত সূত্র জানায়, দীর্ঘদিন ধরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে দালালরা অসহায় সাধারণ রোগীদের সঙ্গে প্রতারণা করে আসছেন। এ অভিযোগে তিনজন নারীকে আটক করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে একজনকে এক মাস ও অপর দুজন ২১ দিন করে বিনাশ্রম কারাদণ্ড দেন ভ্রাম্যমাণ আদালত।

এ বিষয়ে ভ্রাম্যমাণ আদালতের বিচারক শিফাতুর নাহার জানান, শাপলাকে এক মাস, ময়না ও যুথিকে ২১ দিন করে বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।

দর্শনায় ফেনসডিলসহ নারী মাদক ব্যবসায়ী আটক

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে ৩৬ বোতল ফেনসডিলসহ এক মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

জানাগেছে, শুক্রবার দুপুর সোয়া ২টার দিকে গোপন সংবাদের ভিত্তিত্বে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এস,আই তারিকুজ্জামান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন রামনগর গ্রামস্থ রামনগর ফুটবল মাঠের পূর্ব পাশে পাকা রাস্তার উপর।

এসময় উক্তস্থানে অভিযান পরিচালনা কালে ভারতীয় ৩৬ বোতল ফেন্সিডিলসহ পিনজিরা খাতুন (৩৫) নামের এক মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করেন। আটক মাদক ব্যবসায়ী চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার

মাজারপোতা গ্রামের বাসিন্দা ও তরিকুল ইসলামের স্ত্রী।

আটক মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে। পিনজিরা খাতুনকে ১৯৭৪ সালের মাদক আইনে মামলাসহ চুযাডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দেশ ত্যাগের সময় পিকে হালদারের দুই নারী সহযোগী গ্রেফতার

বাংলাদেশ থেকে সাড়ে তিন হাজার কোটি টাকা পাচারে জড়িত পিকে (প্রশান্ত কুমার) হালদারের দুই নারী সহযোগীকে গ্রেফতার করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। দেশ ত্যাগের সময় এই দুই নারীকে গ্রেফতার করা হয়।

বুধবার সকালে গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেন র্যাবের লিগ্যাল আ্যন্ড মিডিয়া উইংয়ের সহকারী পরিচালক এএসপি আল আমিন।

তিনি বলেন, পিএলএফএসএল কোম্পানির প্রায় ২০০ কোটি টাকা আত্মসাৎকারী পিকে হালদার ভারতীয় আইনশৃঙ্খলা বাহিনীর হাতে গ্রেফতার আছেন। তার দুই নারী সহযোগী বাংলাদেশ ছাড়তে চেয়েছিলেন। দীর্ঘদিন ধরে তাদের ওপর র্যাবের গোয়েন্দা নজরদারি চলছিল। এরই ভিত্তিতে পিকে হালদারের দুই নারী সহযোগীকে গ্রেফতার করা হয়েছে।

প্রাথমিকভাবে গ্রেফতারদের নাম প্রকাশ না করা হলেও এ বিষয়ে বুধবার দুপুরে কারওয়ানবাজার র্যাব মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে বিস্তারিত জানানো হবে বলে জানান র্যাবের লিগ্যাল আ্যন্ড মিডিয়া উইংয়ের পরিচালক কমান্ডার খন্দকার আল মঈন।

দেশের আর্থিক খাতের শীর্ষ জালিয়াত পিকে হালদারের (প্রশান্ত কুমার হালদার) ১৫ বান্ধবী ও ঘনিষ্ঠ নারীদের ব্যাংক হিসাবে অন্তত ৮৬৭ কোটি টাকার সন্ধান পাওয়া গেছে। উপহার, গাড়ি ও ফ্ল্যাট কিনে দেওয়া, দেশে-বিদেশে ভ্রমণসহ বিভিন্ন অজুহাতে ঋণের নামে তাদের এ অর্থ দেওয়া হয়। পিপলস লিজিংসহ চারটি আর্থিক প্রতিষ্ঠান থেকে

মোটা অঙ্কের এ অর্থ নারীদের নামে-বেনামের হিসাবে স্থানান্তর করা হয়। দুর্নীতি দমন কমিশন (দুদক) ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) সূত্রে জানা গেছে এসব তথ্য।

আরও জানা গেছে— কখনো ঋণের নামে, কখনো বিনোদন ভাতার নামে আবার কখনো অবৈধ টাকা আড়াল করতে পিকে হালদার এসব কাজ করেন। কোনো কোনো বান্ধবীর নামে ব্যাংকে টাকা স্থানান্তর ছাড়াও ফ্ল্যাট ও দামি গাড়ি কিনে দিয়েছেন। আবার কাউকে দেশে-বিদেশে পাঁচতারকা হোটেলে নিয়ে আনন্দ-ফূর্তিও করেছেন তিনি। দুদকের অনুসন্ধান শুরু হলে পিকে হালদারের এক বান্ধবী দেশ ছেড়ে কানাডায় পালিয়ে যান। তিনি এখন পিকে হালদারের নিয়ন্ত্রণেই ওই দেশে আছেন। বান্ধবীদের নামে অর্থকড়ি খরচের পাশাপাশি নিজেকে আড়ালে রাখতে আর্থিক জালিয়াতিতে পিকে হালদারের পরিবারের সদস্য, আত্মীয়স্বজন, বন্ধু ও সহকর্মীদেরও ব্যবহার করেন।

দুদকের অনুসন্ধানের বিষয়ে জানতে চাইলে সংস্থাটির চেয়ারম্যান ড. ইকবাল মাহমুদ বলেন, যারা দেশের আর্র্থিক খাত লোপাট করে নিঃশেষ করে দিয়েছে, তাদের বিরুদ্ধে দুদকের জোরদার কাজ চলছে। অনুসন্ধানে যাদের নাম আসবে কাউকেই ছাড়া হবে না।

দামুড়হুদায় ২ কেজি গাঁজাসহ নারী মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গায় ২ কেজি গাঁজাসহ সাজেদা খাতুন (৪১) নামের এক নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা।

মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার বড়দুধ পাতিলা গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটককৃত সাজেদা খাতুন দর্শনা থামার পরানপুর বেলেমাঠ পাড়ার মৃত মোসলেম আলীর স্ত্রী।

এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা গেছে, মঙ্গলবার বেলা দেড়টার দিকে

গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শরিয়তউলাহ’র নেতৃত্বে পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন, উপপরিদর্শক আকবর হোসেন, সাহারা ইয়াসমিন সঙ্গীয় ফোর্স নিয়ে বড়দুধ পাতিলা গ্রামে অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ সাজেদা খাতুনকে আটক করে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলাসহ সাজেদা খাতুনকে দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করা হয়েছে ।

মেহেরপুরে ১৬০ বোতল ফেনসিডিলসহ নারী মাদক ব্যবসায়ী আটক

মাদক রিরোধী অভিযান চালিয়ে ১৬০ বোতল ফেনসিডিলসহ হাদিছা খাতুন নামের এক নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ। হাদিছা খাতুন মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের স্কুল পাড়া এলাকার আব্দুল মালেকের স্ত্রী।

শনিবার দিবাগত মধ্যরাতে মেহেরপুর সদর থানা পুলিশের একটি ইউনিট তার বাড়িতে অভিযান চালিয়ে এই ফেনসিডিলসহ তাকে আটক করেন।

এ সময় তার ঘর থেকে ১৬০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

সদর থানার উপপরিদর্শক (এসআই) অরুক কুমার, সঞ্জিব কুমার, এএসআই মাহাবুব, এএসআই ইব্রাহিম, আশরাফুল ইসলামসহ সঙ্গীয় ফোর্স অভিযানে অংশ নেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেজবাহ উদ্দীন আহম্মেদ জানান, আব্দুল মালেকের বাড়িতে ফেনসিডিল মজুদ করা হয়েছে এমন সংবাদের ভিত্তিত্বে ওই বাড়িটিতে অভিযান চালানো হয়। অভিযানে ১৬০ বোতল ফেনসিডিল জব্দ করা হয়েছে। এই সাথে আটক করা হয়েছে হাদিছা খাতুনকে।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় হাদিছা খাতুনের নামে পুলিশ বাদী হয়ে

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দিয়েছে।

আজ শনিবার (৬ আগষ্ট) বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে বাসের নিচে মাথা দিয়ে এক নারীর আত্মহত্যা

মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ডে চলন্ত বাসের নিচে মাথা দিয়ে অজ্ঞাত এক নারী (৫০) আত্মহত্যা করেছেন।

আজ বুধবার (৩ আগস্ট) সকাল সাড়ে ৯ টার দিকে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকাল থেকেই অজ্ঞাত ওই নারী পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় ঘোরাফিরা করছিলেন। সে চলন্ত বাস, ট্রাকের নিচে মাথা দেওয়ার চেষ্টা করছিলেন। স্থানীয়রা তাকে বার বার বাঁধা দিলেও সুযোগ বুঝে একটি চলন্ত বাসের নিচে মাথা পেতে দেই। বাসের চাকায় স্পৃষ্ট হয়ে যায় তার মাথা ও মুখমণ্ডল।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ সত্যতা স্বীকার করে বলেন নিহতের পরিচয় মেলেনি। তার মাথা ও মুখমণ্ডল স্পৃষ্ট হয়ে গেছে। নিহতের মরদেহ উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসাপাতাল মর্গে পাঠানো হয়েছে।